

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-অম/অসবি/জারাবো/জনসংযোগ-২০১৫/৫

তারিখ : ২৮ জানুয়ারি ২০১৬খ্রিঃ।

ভ্যাট আদায়ে যুক্ত হতে চায় র্যাভ প্রকাশিত সংবাদের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের বক্তব্য


সম্প্রতি দেশের শীর্ষস্থানীয় গণমাধ্যমে ‘ভ্যাট আদায়ে যুক্ত হতে চায় র্যাভ’ শীর্ষক শিরোনামে প্রকাশিত প্রতিবেদনের প্রতি জাতীয় রাজস্ব বোর্ডের দৃষ্টি আকর্ষিত হয়েছে। বর্ণিত বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের বক্তব্য নিম্নরূপঃ

২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব লক্ষ্যমাত্রা ১,৭৬,৩৭১ (এক লক্ষ ছিয়াত্তর হাজার তিন শত একাত্তর) কোটি টাকা। এ বহু লক্ষ্যমাত্রা অর্জন নিঃসন্দেহে একটি চ্যালেঞ্জিং বিষয়। এ লক্ষ্যমাত্রা অর্জনের জন্য জাতীয় রাজস্ব বোর্ড সংশ্লিষ্ট সকল গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের নিকট প্রয়োজনীয় সহযোগিতা চেয়ে আসছে। এরই ধারাবাহিকতায় মূল্য সংযোজন কর (ভ্যাট) আদায়ের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডকে সহযোগিতা করার জন্য র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাভ) আগ্রহ প্রকাশ করে জাতীয় রাজস্ব বোর্ডের নিকট একটি লিখিত প্রস্তাব প্রেরণ করে এবং এ ক্ষেত্রে প্রচলিত ভ্রাম্যমান আদালত আইন সংশোধনের প্রস্তাবও দিয়েছে সংস্থাটি। জাতীয় রাজস্ব বোর্ড সকল ব্যবসায়ীদের সাথে বিশেষ করে তাদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই ও অন্যান্য সংস্থার সাথে ঘনিষ্ঠ সহযোগিতার মাধ্যমে এ কাজে পারদর্শী নিজস্ব জনবল ব্যবহার করেই ভ্যাট আদায় করতে চায়। প্রচলিত পদ্ধতিতেই সকলের সক্রিয় সহযোগিতায় ভ্যাট আদায় কার্যক্রম অব্যাহত থাকবে। এ বিষয়ে কোন প্রকার সন্দেহ কিংবা সংশয়ের অবকাশ নেই।

জাতীয় রাজস্ব বোর্ড দেশের অভ্যন্তরীণ সম্পদের প্রায় ৮৫% সংগ্রহ করে থাকে। এ সংগ্রহ প্রক্রিয়ায় সংশ্লিষ্ট সকল অংশীজনদের সুবিধার বিষয়াদি সর্বোচ্চ বিবেচনায় রেখে নিরলসভাবে কাজ করে যেতে অঙ্গীকারাবদ্ধ। বর্তমানে জাতীয় রাজস্ব বোর্ড গৃহীত ‘সুশাসন ও উন্নততর ব্যবস্থাপনা’ নীতির আলোকে একটি জনবান্ধব, করদাতাবান্ধব এবং ব্যবসাবান্ধব রাজস্ব প্রশাসন তৈরী করার লক্ষ্যে এনবিআর এর সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীরা আন্তরিকতা ও নিষ্ঠার সাথে রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে কাজ করে যাচ্ছেন।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো।

প্রাপক :
বার্তা সম্পাদক
সকল প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া।


28/01/2016
(সৈয়দ এ মুমেন)
সিনিয়র তথ্য কর্মকর্তা